Association of Voluntary Actions for Society (AVAS)
আভাস এর কেন্দ্রীয় পরিপালন ইউনিট (CCU) – টার্মস অব রেফারেন্স

Nov 10, 2026

১. উদ্দেশ্য ও ভিত্তি

এই টর আভাসের কেন্দ্রীয় পরিপালন ইউনিটের (সিসিইউ) দায়িত্ব, ক্ষমতা, সভা ও জবাবদিহিতা নির্ধারণ করে। লক্ষ্য: আভাসের অর্থ, সম্পদ, প্রকল্প ও অংশীদার সংস্থা যেন মানিলন্ডারিং বা সন্ত্রাসী কার্যে অর্থায়নে ব্যবহৃত না হয়।

উদ্দেশ্য

1. বিএফআইইউ, এনজিও বিষয়ক ব্যুরো ও দাতা সংস্থার এএমএল/সিএফটি শর্ত পরিপালনের সমন্বয় ও পরিবীক্ষণ।
2. ঝুঁকিভিত্তিক পদ্ধতিতে এমএল/টিএফ ঝুঁকি চিহ্নিতকরণ, মূল্যায়ন ও প্রশমন।
3. সন্দেহজনক বিষয় নিরাপদে গ্রহণ, যাচাই এবং নির্ধারিত সময়ে রিপোর্ট নিশ্চিত করা।
4. ব্যবস্থাগুলো আনুপাতিক রাখা, যাতে প্রান্তিক উপকারভোগীর সেবাপ্রাপ্তি ব্যাহত না হয়।

আইনি ও নীতিগত ভিত্তি

- মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ (সংশোধিত) এবং সন্ত্রাসবিরোধী আইন, ২০০৯ (সংশোধিত)।
- বিএফআইইউ সার্কুলার নং ৩৩ (৩০ সেপ্টেম্বর ২০২৬), অনুচ্ছেদ ৩.১–৩.১৫।
- বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবী কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬ এবং এনজিও বিষয়ক ব্যুরোর নির্দেশনা।
- আভাসের অর্থপাচার ও সন্ত্রাসী অর্থায়ন প্রতিরোধ নীতিমালা (সংশোধিত, অনুমোদন ২৫ অক্টোবর ২০২৫)।
- আভাসের সংশ্লিষ্ট নীতিমালা: আর্থিক ব্যবস্থাপনা, কাউন্টার-ফ্রড ও দুর্নীতিবিরোধী, হুইসেল ব্লোয়িং, অভিযোগ সাড়াদান, সেফগার্ডিং, পিএসইএ, ডেটা শেয়ারিং প্রটোকল, সাইবার সিকিউরিটি, ঝুঁকি প্রশমন ও ডু নো হার্ম।
- আন্তর্জাতিক মান: FATF সুপারিশ ৮ (অলাভজনক সংস্থা), জাতিসংঘ নিরাপত্তা পরিষদ রেজুলেশন ১২৬৭ ও ১৩৭৩, এবং কোর হিউম্যানিটারিয়ান স্ট্যান্ডার্ড (সম্পদের দায়িত্বশীল ব্যবস্থাপনা ও অভিযোগ ব্যবস্থাপনা)।

আভাসের নীতিমালা হালনাগাদ না হওয়া পর্যন্ত কোনো বিরোধ দেখা দিলে প্রচলিত আইন ও বিএফআইইউ নির্দেশনা প্রাধান্য পাবে।

২. গঠন ও সভা

সিসিইউ ক্যামেলকোর নেতৃত্বে ৪ জন মূল সদস্য ও আঞ্চলিক ফোকাল পারসন নিয়ে গঠিত এবং নির্বাহী পরিচালকের সরাসরি তত্ত্বাবধানে কাজ করবে। নাম ও পদবি অনুমোদিত তালিকা অনুযায়ী:

- **প্রধান (০১):** ক্যামেলকো (সভা আহ্বান ও সভাপতিত্ব)।
- **সদস্য–সচিব (০১):** নোটিশ, কার্যবিবরণী, কমপ্লায়েন্স ট্র্যাকার ও নথি সংরক্ষণ; ক্যামেলকোর বিকল্প। (কো-ক্যামেলকো)
- **সদস্য (০৩):** অর্থ ও হিসাব, মানবসম্পদ, প্রোগ্রাম ও অংশীদার ব্যবস্থাপনা, এমঅ্যান্ডই।

আঞ্চলিক ফোকাল পারসন: শাখা পর্যায়ের তথ্য, ঝুঁকি ও উদ্বেগ জানাবেন; প্রয়োজনে অনলাইনে সভায় যুক্ত হবেন।
আমন্ত্রিত: আলোচ্য বিষয় অনুযায়ী প্রকল্প সমন্বয়কারী বা অন্য কর্মী; তাঁদের ভোটাধিকার নেই।

সভা

1. নিয়মিত সভা অন্তত প্রতি তিন মাসে একবার (জানুয়ারি, এপ্রিল, জুলাই, অক্টোবর)।
2. গুরুতর উদ্বেগ বা বিএফআইইউ-এর অনুরোধ এলে ক্যামেলকো ৩ কর্মদিবসের মধ্যে জরুরি সভা ডাকবেন।
3. কোরাম: ক্যামেলকো অথবা সদস্য-সচিবসহ মূল ৫ সদস্যের অন্তত ৩ জন।
4. স্থায়ী আলোচ্যসূচি: আগের সিদ্ধান্তের অগ্রগতি, ঝুঁকি হালনাগাদ, স্ক্রিনিং ফলাফল, উদ্বেগ রেজিস্টারের সারাংশ, প্রশিক্ষণ, নিয়ন্ত্রক ও দাতার অনুরোধ।
5. কার্যবিবরণী সভার ৫-০৭ কর্মদিবসের মধ্যে প্রস্তুত, ক্যামেলকো কর্তৃক স্বাক্ষরিত ও সীমিত-প্রবেশাধিকার নথিতে (ম্যানুয়ালি বা ডিজিটালি) সংরক্ষিত হবে।

6. ব্যক্তিগত কেসের বিবরণ কার্যবিবরণীতে রাখা যাবেনা সেখানে শুধু কেস নম্বর ও অবস্থা লেখা হবে। বিস্তারিত থাকবে গোপন রেজিস্টারে যা ক্যামেলকোর কাছে রক্ষিত থাকবে।

৩. দায়িত্ব ও কার্যপরিধি

সিসিইউ ১১টি কাজ করবে; প্রতিটি কাজ এএমএল/সিএফটি পরিপালন ফরমের এক বা একাধিক প্রশ্নের প্রমাণ তৈরি করে।

কাজ	মূল কর্ম ও প্রমাণ	সময়সূচি	নেতৃত্ব	ফরম প্রশ্ন
নীতিমালা ও পরিপালন	বিএফআইইউ সার্কুলার ৩৩ অনুযায়ী নীতিমালা হালনাগাদের খসড়া; কমপ্লায়েন্স ট্র্যাকার; পরিপালন ফরমের উত্তর প্রস্তুত	বার্ষিক এবং নতুন নির্দেশনা এলে	ক্যামেলকো, সদস্য-সচিব	১
ঝুঁকি মূল্যায়ন	দাতা, অংশীদার, উপকারভোগী, সরবরাহকারী, লেনদেন, বিতরণ মাধ্যম ও কর্ম এলাকার এমএল/টিএফ ঝুঁকি মূল্যায়ন ও প্রশমন পরিকল্পনা; মোবাইল ব্যাংকিং বা ডিজিটাল পেমেন্টসহ নতুন প্রযুক্তি চালুর আগে ঝুঁকি যাচাই	বার্ষিক; নতুন প্রকল্প বা প্রযুক্তির আগে	ক্যামেলকো, প্রোগ্রাম, এমঅ্যান্ডই	৬, ৭
যথাযথ যাচাই (সিডিডি/ইডিডি)	দাতা, অংশীদার সংস্থা, সরবরাহকারী ও উপকারভোগী যাচাইয়ের আনুপাতিক পদ্ধতি ও চেকলিস্ট; FATF তালিকাভুক্ত দেশ থেকে তহবিলে ইডিডি	প্রতিটি নতুন সম্পর্কের আগে; পদ্ধতি পর্যালোচনা বার্ষিক	অর্থ, প্রোগ্রাম	৮, ১৭
নিষেধাজ্ঞা যাচাই	জাতিসংঘ, বাংলাদেশ সরকার ও দাতা-নির্ধারিত তালিকায় দাতা, অংশীদার, সরবরাহকারী ও কর্মী যাচাই, তহবিল গ্রহণ ও প্রদান উভয় ক্ষেত্রে; স্ক্রিনিং লগ (তারিখ, তালিকা, ফলাফল, যাচাইকারী)	চুক্তি, নিয়োগ বা অর্থপ্রদানের আগে; তালিকা হালনাগাদ মাসিক	অর্থ, মানবসম্পদ	১৬, ১৯
নগদ ও ব্যাংক নিয়ন্ত্রণ	১০,০০০ টাকার ঊর্ধ্বে বিল ব্যাংকিং চ্যানেলে পরিশোধ হচ্ছে কিনা নমুনা যাচাই; লেনদেন ভাগ করার প্রবণতা শনাক্ত; ব্যাংক হিসাবের তালিকা ও উদ্দেশ্য হালনাগাদ	ত্রৈমাসিক	অর্থ, এমঅ্যান্ডই	১২, ১৩
অভ্যন্তরীণ রিপোর্টিং ও এসটিআর/এসএআর	গোপন চ্যানেলে উদ্বেগ গ্রহণ; উদ্বেগ রেজিস্টার; প্রাথমিক মূল্যায়ন; বিএফআইইউ-তে রিপোর্টের সিদ্ধান্ত ও দাখিল; টিপিং-অফ প্রতিরোধ	প্রাথমিক মূল্যায়ন প্রাপ্তির ২ কর্মদিবসের মধ্যে; দাখিল বিএফআইইউ নির্ধারিত সময়ে	ক্যামেলকো	২০
প্রশিক্ষণ ও সচেতনতা	নতুন কর্মীর ওরিয়েন্টেশন; বার্ষিক রিফ্রেশার; নির্বাহী পরিচালকের বার্ষিক বার্তা বিতরণ ও প্রাপ্তিস্বীকার রেজিস্টার	যোগদানের ১ মাসের মধ্যে; বার্ষিক; বার্তা জারির ৭ কর্মদিবসের মধ্যে প্রাপ্তিস্বীকার	মানবসম্পদ, ক্যামেলকো	২, ২১
কর্মী যাচাই	নিয়োগের আগে রেফারেন্স চেক (নীতিমালার পরিশিষ্ট-খ) ও নিষেধাজ্ঞা তালিকা যাচাই	প্রতিটি নিয়োগে	মানবসম্পদ	২২
রেকর্ড ও স্বচ্ছতা	বিল-ভাউচার ন্যূনতম ৫ বছর, নিরীক্ষিত বিবরণী ন্যূনতম ১০ বছর সংরক্ষণ (নীতিমালা ৩(গ)); লক্ষ্য-উদ্দেশ্য ওয়েবসাইট, বার্ষিক প্রতিবেদন ও কার্যালয়ে প্রকাশ	চলমান; বার্ষিক যাচাই	অর্থ, সদস্য-সচিব	৯, ১০, ১১

কাজ	মূল কর্ম ও প্রমাণ	সময়সূচি	নেতৃত্ব	ফরম প্রশ্ন
বোর্ড তদারকি ও নিরীক্ষা	কার্যনির্বাহী কমিটির জন্য ত্রৈমাসিক প্রতিবেদন; বহিঃনিরীক্ষার এএমএল-সংক্রান্ত পর্যবেক্ষণ অনুসরণ	ত্রৈমাসিক; বার্ষিক নিরীক্ষার পর	ক্যামেলকো	১৪, ১৫
নিয়ন্ত্রক যোগাযোগ	বিএফআইইউ ও এনজিও বিষয়ক ব্যুরোর সাথে অনুমোদিত যোগাযোগ; ক্যামেলকো বা সিসিইউ পরিবর্তন অবহিতকরণ; তথ্য অনুরোধে সাড়া; যোগাযোগ লগ	চাহিদা অনুযায়ী	ক্যামেলকো	৩, ২৩

অংশীদার সংস্থা ও সিবিও-র যাচাই স্থানীয়করণের সহায়ক হবে, বাধা নয়: ঝুঁকি কম হলে সহজ চেকলিস্ট, ঝুঁকি বেশি হলে বিস্তারিত যাচাই।

৪. রিপোর্টিং মেট্রিক্স:

উদ্বেগ প্রথমে ক্যামেলকোর কাছে; সংশ্লিষ্টতা থাকলে পরের ধাপে



উদ্বেগ ও রিপোর্টিং পথ ৩টি চ্যানেল:
কর্মী, স্বেচ্ছাসেবক, অংশীদার ও সম্প্রদায়ের সদস্য এই পথ অনুসরণ করবেন; কেউ নিজে অপরাধ প্রমাণের অপেক্ষা করবেন না। বিধিবদ্ধ রিপোর্ট কেবল ক্যামেলকো বা বিকল্প ক্যামেলকো দাখিল করবেন। সিসিইউ-এর জন্য একটি প্রাতিষ্ঠানিক ইমেইল ঠিকানা চালু করে বার্ষিক বার্তার যোগাযোগ অংশ হালনাগাদ করতে হবে।

৫. ক্ষমতা, সীমা ও গোপনীয়তা

সিসিইউ তথ্য চাইতে, যাচাই করতে ও সুপারিশ করতে পারে; তহবিল আটকানো, শাস্তি বা শৃঙ্খলামূলক ব্যবস্থা অনুমোদিত কর্তৃপক্ষের সিদ্ধান্তে হবে।

ক্ষমতা

- যেকোনো কার্যালয় ও কর্মীর কাছ থেকে প্রাসঙ্গিক নথি ও সহযোগিতা চাওয়া, গোপনীয়তা ও প্রবেশাধিকার নিয়ন্ত্রণ সাপেক্ষে।
- কার্যনির্বাহী কমিটির মনোনীত সদস্যের কাছে ক্যামেলকোর সরাসরি প্রবেশাধিকার।
- বিএফআইইউ-তে বিধিবদ্ধ রিপোর্ট নির্ধারিত সময়ের মধ্যে দাখিল; অভ্যন্তরীণ অনুমোদনের অপেক্ষায় তা বিলম্বিত হবে না।

সীমা

- তহবিল আটকানো, চুক্তি স্থগিত, শাস্তি বা শৃঙ্খলামূলক ব্যবস্থা নির্বাহী পরিচালক বা কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্তে, প্রযোজ্য নীতিমালা অনুযায়ী।
- কোনো উদ্বেগ বা অভিযোগ অপরাধের চূড়ান্ত প্রমাণ নয়। শৃঙ্খলামূলক প্রক্রিয়ায় ন্যায্য শুনানি থাকবে, তবে বিএফআইইউ-তে রিপোর্ট বা চলমান অনুসন্ধানের কথা সংশ্লিষ্ট ব্যক্তিকে জানানো যাবে না।

গোপনীয়তা ও তথ্য সুরক্ষা

- উদ্বেগ রেজিস্টার, এসটিআর/এসএআর কপি ও স্ক্রিনিং লগ সীমিত-প্রবেশাধিকার ফোল্ডারে থাকবে; প্রবেশাধিকার কেবল ক্যামেলকো ও সদস্য-সচিবের।
- সিসিইউ-এর সব যোগাযোগ আভাসের প্রাতিষ্ঠানিক ইমেইলে হবে; ব্যক্তিগত ইমেইল বা সাধারণ ইনবক্স (যেমন info@) নয়।
- আভাসের ডেটা শেয়ারিং প্রটোকল ও সাইবার সিকিউরিটি নীতিমালা প্রযোজ্য।
- রেকর্ড সংশ্লিষ্ট সম্পর্ক বা লেনদেন শেষের পর ন্যূনতম ৫ বছর সংরক্ষিত থাকবে (নীতিমালা ৩(চ)); আইন বা দাতার চুক্তিতে দীর্ঘতর সময় থাকলে সেটি প্রযোজ্য।

স্বার্থের দ্বন্দ্ব

- প্রত্যেক সদস্য বছরে একবার স্বার্থের দ্বন্দ্ব ঘোষণা দেবেন এবং সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত থেকে বিরত থাকবেন।
- তহবিল সংগ্রহে ক্যামেলকোর ভূমিকাজনিত দ্বন্দ্ব সদস্য তালিকার শর্ত ৪ অনুযায়ী সামলানো হবে।

রিপোর্টকারীর সুরক্ষা

- সৎ বিশ্বাসে উদ্বেগ জানানো কর্মী, স্বেচ্ছাসেবক, অংশীদার বা সম্প্রদায়ের সদস্যের বিরুদ্ধে প্রতিশোধমূলক আচরণ নিষিদ্ধ (হুইসেল ব্লোয়িং নীতিমালা); প্রতিশোধ নিজেই শৃঙ্খলাভঙ্গ।
- নাম প্রকাশ না করে উদ্বেগ জানানোর সুযোগ থাকবে।

৬. অন্তর্ভুক্তি, সুরক্ষা ও ক্ষতি-না-করা

এএমএল/সিএফটি ব্যবস্থা এমনভাবে প্রয়োগ হবে যাতে আভাসের লক্ষ্যভুক্ত প্রান্তিক জনগোষ্ঠী সহায়তা থেকে বাদ না পড়ে এবং কেউ নতুন ঝুঁকিতে না পড়ে।

- **আনুপাতিক যাচাই:** জাতীয় পরিচয়পত্র না থাকলে জন্মনিবন্ধন, ইউনিয়ন পরিষদ বা ওয়ার্ড কাউন্সিলরের প্রত্যয়নপত্র, অথবা কমিউনিটি যাচাই কমিটির লিখিত নিশ্চিতকরণ গ্রহণযোগ্য হবে। দলিত, হিজড়া, জলবায়ু অভিবাসী, ভাসমান জনগোষ্ঠী ও প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষেত্রে এটি বিশেষভাবে প্রযোজ্য।
- **বৈষম্যহীনতা:** ধর্ম, জাতিসত্তা, রাজনৈতিক পরিচয়, জেন্ডার, প্রতিবন্ধিতা বা পেশার কারণে কাউকে উচ্চ ঝুঁকিপূর্ণ ধরা যাবে না। ঝুঁকি নির্ধারণ হবে লেনদেন ও আচরণের প্রমাণে।
- **প্রবেশযোগ্য রিপোর্টিং:** উদ্বেগ বাংলায়, মৌখিক বা লিখিতভাবে জানানো যাবে; প্রতিবন্ধী ব্যক্তির জন্য সহায়তা থাকবে। চ্যানেলটি আভাসের অভিযোগ সাড়াদান ব্যবস্থার (CFM) সাথে যুক্ত থাকবে।
- **PSEA ও সেফগার্ডিং রেফারেল:** কোনো উদ্বেগে যৌন শোষণ-নির্যাতন, হয়রানি বা শিশু সুরক্ষার বিষয় থাকলে ভুক্তভোগীকেন্দ্রিক পদ্ধতিতে পিএসইএইচ কমিটি, সেফগার্ডিং কমিটি বা শিশু সুরক্ষা কমিটিতে রেফার হবে। সিসিইউ শুধু আর্থিক অংশ দেখবে; তথ্য প্রয়োজনের বেশি ভাগ হবে না।
- **জেন্ডার ভারসাম্য:** সিসিইউ-তে অন্তত ২ জন নারী সদস্য থাকবেন; প্রশিক্ষণের অংশগ্রহণ নারী ও পুরুষ আলাদাভাবে গণনা হবে।
- **অংশীদার ও স্থানীয়করণ:** অংশীদার সংস্থা ও সিবিও-কে যাচাইয়ের শর্ত আগে জানানো হবে এবং প্রয়োজনে সক্ষমতা সহায়তা দেওয়া হবে। ছোট সংস্থার জন্য সহজ চেকলিস্ট থাকবে।

- **জরুরি সাড়াদান:** দুর্যোগকালীন নগদ সহায়তায় যাচাই সহজ করা যাবে, তবে নিষেধাজ্ঞা যাচাই ও বিতরণ রেকর্ড বাদ যাবে না। সিদ্ধান্ত ও তার কারণ কার্যবিবরণীতে লেখা হবে।

৭. জবাবদিহিতা ও কর্মদক্ষতা সূচক

সিসিইউ প্রতি ত্রৈমাসিকে নির্বাহী পরিচালকের কাছে এবং তাঁর মাধ্যমে কার্যনির্বাহী কমিটির কাছে জবাবদিহি করবে।

- **নির্বাহী পরিচালক:** প্রতিটি নিয়মিত সভার ১০ কর্মদিবসের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন।
- **কার্যনির্বাহী কমিটি:** ত্রৈমাসিক সভায় সারাংশ এবং বছরে একবার পরিপালন প্রতিবেদন।
- **বিএফআইইউ ও এনজিও বিষয়ক ব্যুরো:** সার্কুলার ও অনুরোধ অনুযায়ী।
- **দাতা সংস্থা:** অনুদান চুক্তির শর্ত অনুযায়ী।
- **সম্প্রদায়:** বার্ষিক প্রতিবেদনে এএমএল/সিএফটি অঙ্গীকার ও উদ্বেগ জানানোর পথের সংক্ষিপ্ত বিবরণ, কোনো কেসের তথ্য ছাড়া।

সূচক	লক্ষ্যমাত্রা	প্রমাণ
সিসিইউ সভা	বছরে ন্যূনতম ৪টি, স্বাক্ষরিত কার্যবিবরণীসহ	কার্যবিবরণী
বার্ষিক বার্তার প্রাপ্তিস্বীকার	জারির ৭ কর্মদিবসের মধ্যে ১০০% কর্মী	প্রাপ্তিস্বীকার রেজিস্টার
বার্ষিক প্রশিক্ষণ	ন্যূনতম ৯০% কর্মী, নারী-পুরুষ আলাদা হিসাব	উপস্থিতি তালিকা
নিষেধাজ্ঞা যাচাই	নতুন দাতা, অংশীদার, সরবরাহকারী ও কর্মীর ১০০%, চুক্তি বা নিয়োগের আগে	স্ক্রিনিং লগ
উদ্বেগের প্রাথমিক মূল্যায়ন	১০০%, প্রাপ্তির ২ কর্মদিবসের মধ্যে	উদ্বেগ রেজিস্টার
বিধিবদ্ধ রিপোর্ট	১০০%, বিএফআইইউ নির্ধারিত সময়ে	এসটিআর/এসএআর কপি
ঝুঁকি মূল্যায়ন	বছরে ১টি হালনাগাদ, কার্যনির্বাহী কমিটিতে উপস্থাপিত	ঝুঁকি মূল্যায়ন প্রতিবেদন
সংশোধনী ব্যবস্থা	ন্যূনতম ৮০% নির্ধারিত সময়ে সম্পন্ন	কমপ্লায়েন্স ট্র্যাকার

লক্ষ্যমাত্রাগুলো প্রস্তাবিত; প্রথম বছর শেষে বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে পর্যালোচনা করা হবে।

৮. সম্পদ, পর্যালোচনা ও অনুমোদন

এই টর কার্যনির্বাহী কমিটির অনুমোদনের দিন থেকে কার্যকর হবে এবং বছরে একবার পর্যালোচনা হবে।

- **সম্পদ:** ক্যামেলকো পদ স্বেচ্ছাসেবী। প্রকৃত ও যুক্তিসঙ্গত যাতায়াত এবং অনুমোদিত অনুসন্ধানের খরচ আভাসের আর্থিক পদ্ধতি অনুযায়ী পরিশোধ হবে (নিয়োগপত্র, ৩০ এপ্রিল ২০২৬)। প্রশিক্ষণ, স্ক্রিনিং ও নিরাপদ নথি সংরক্ষণের খরচ বার্ষিক বাজেটে রাখা হবে।
- **পর্যালোচনা:** বছরে একবার, অথবা আইন, বিএফআইইউ নির্দেশনা বা আভাসের কাঠামো বদলালে। পরিবর্তন নির্বাহী পরিচালকের সুপারিশে কার্যনির্বাহী কমিটি অনুমোদন করবে (নীতিমালার পলিসি আপডেট ধারার সাথে সামঞ্জস্যপূর্ণ)।
- **সংযুক্তি:** সিসিইউ সদস্য তালিকা; গোপনীয়তা ও স্বার্থের দ্বন্দ্ব ঘোষণা ফরম; উদ্বেগ রেজিস্টার ও স্ক্রিনিং লগের ছক।

ধাপ	নাম ও পদবি	স্বাক্ষর	তারিখ
প্রস্তুতকারী	মো. জহুরুল হাসান তালুকদার ক্যামেলকো		10 November 2026
সুপারিশ	মো: শহিদুল ইসলাম সদস্য, CCU, lawyer		10 November 2026
অনুমোদনকারী	রহিমা সুলতানা কাজল নির্বাহী পরিচালক		12 November 2026

আভাস কেন্দ্রীয় পরিপালন ইউনিট (CCU)

স্মারক নম্বর: আভাস/বরি/AML&CFT/৪৭৬/২৬
তারিখ: ১২ নভেম্বর ২০২৬

বিষয়: কেন্দ্রীয় পরিপালন ইউনিট (CCU) গঠন ও সদস্য তালিকা অনুমোদন।

আভাসের এএমএল/সিএফটি পরিপালন তদারকির জন্য ক্যামেলকো মো. জহুরুল হাসান তালুকদারের নেতৃত্বে ৬ সদস্যের কেন্দ্রীয় পরিপালন ইউনিট এবং ২ জন আঞ্চলিক ফোকাল পারসন অনুমোদনের জন্য প্রস্তাব করা হলো। ইউনিটটি নির্বাহী পরিচালকের সরাসরি তত্ত্বাবধানে প্রধান কার্যালয়, বরিশাল থেকে কাজ করবে।

ভিত্তি:

1. বিএফআইইউ সার্কুলার নং ৩৩ (৩০ সেপ্টেম্বর ২০২৬), অনুচ্ছেদ ৩.৩: প্রধান নির্বাহীর তত্ত্বাবধানে জ্যেষ্ঠ কর্মকর্তার নেতৃত্বে সিসিইউ গঠন এবং অন্তত প্রতি তিন মাসে সভা (এএমএল/সিএফটি পরিপালন ফরম, প্রশ্ন ৪ ও ৫)।
2. আভাসের অর্থপাচার ও সন্ত্রাসী অর্থায়ন প্রতিরোধ নীতিমালা: কার্যনির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত ৩১ অক্টোবর ২০২০ (সভা নং ১০২); সংশোধন অনুমোদিত ২৫ অক্টোবর ২০২৫।
3. ক্যামেলকো নিয়োগপত্র, তারিখ ৩০ এপ্রিল ২০২৬ (কার্যকর ২ মে ২০২৬); জব ডেসক্রিপশনের দায়িত্ব ৭: সিসিইউ সমন্বয়।
4. নির্বাহী পরিচালকের বার্ষিক অঙ্গীকার বার্তা, স্মারক আভাস/বরি/AML&CFT/01/307-01/26, তারিখ ২৯ জুন ২০২৬।

প্রস্তাবিত সদস্য তালিকা

ক্রম ১–৬ মূল সদস্য; ক্রম ৭–৮ আঞ্চলিক ফোকাল পারসন (কো-অপ্টেড), যাঁরা শাখা পর্যায়ের তথ্য দেবেন ও প্রয়োজনে সভায় যোগ দেবেন। ফাঁকা ঘরের নাম আভাস ব্যবস্থাপনা পূরণ করবে।

ক্রম	সিসিইউ-তে ভূমিকা	নাম	পদবি ও কার্যালয়	মোবাইল
১	আহ্বায়ক ও ক্যামেলকো	মো. জহুরুল হাসান তালুকদার	পরিচালক, ফান্ডরেইজিং ও অর্গানাইজেশন ডেভেলপমেন্ট; প্রধান কার্যালয়	+8801712643569
২	সদস্য-সচিব ও বিকল্প ক্যামেলকো, অর্থ, হিসাব ও প্রশাসন-ফোকাল	উম্মে সাইফুননেসা লাকী	পরিচালক, অর্থ ও প্রশাসন; প্রধান কার্যালয়। *(নীতিমালার ৩(ক)-তে উল্লিখিত পদ)*	+880 1719-017463
৩	সদস্য: প্রোগ্রাম ও অংশীদার ব্যবস্থাপনা	মোঃ শহিদুল ইসলাম	পরিচালক- কমিউনিকেশন ও এ্যাডভোকেসী। প্রধান কার্যালয়	+880 1819-014279
৪	সদস্য: প্রোগ্রাম ও অংশীদার ব্যবস্থাপনা	মো: আলী আহসান	মনিটরিং কো-অরিডনেটর। প্রধান কার্যালয়	+880 1727-011209
৫	সদস্য: পরিবীক্ষণ ও মূল্যায়ন	নাসরিন খানম	মনিটরিং অফিসার; প্রধান কার্যালয়	+880 1733-793015
৭	আঞ্চলিক ফোকাল, পটুয়াখালী	মো. মনিরুল ইসলাম	আঞ্চলিক কর্মকর্তা, পটুয়াখালী	01712950319
		সঞ্জয় কুমার বিশ্বাস,	আঞ্চলিক কর্মকর্তা, ভোলা	01749095149
		মাহাবুবা আক্তার	আঞ্চলিক কর্মকর্তা, বরগুনা	01711277086
		শরিফুল আলম	আঞ্চলিক কর্মকর্তা, বরিশাল	01712395356
		শহিদুল ইসলাম	আঞ্চলিক কর্মকর্তা, খুলনা	01683627262

আঞ্চলিক ফোকাল গন স্থানীয় সকল সংশ্লিষ্ট বিষয়ে তথ্য সংগ্রহ, রিপোর্ট করা, ডক্যুমেন্টেশন সহ সিসিইউকে সার্বিকত সহযোগিতা করবে।

তত্ত্বাবধায়ক (সদস্য নন): রহিমা সুলতানা কাজল, নির্বাহী পরিচালক। তদারকি ও অনুমোদনের দায়িত্ব আলাদা রাখতে তিনি সদস্য হিসেবে নেই।

শুন্য পদ পূরণের নিয়মাবলী:

- সদস্য-সচিব এমন জ্যেষ্ঠ কর্মকর্তা হবেন, যিনি অর্থ পরিশোধ বা তহবিল সংগ্রহের সিদ্ধান্তে সরাসরি যুক্ত নন।
- একই ব্যক্তি অর্থ সদস্য ও সদস্য-সচিব হবেন না।
- মূল ৬ সদস্যের মধ্যে নুন্যতম ২ জন হতে হবে।

শর্তাবলি

ইউনিট অনুমোদনের দিন থেকে পরবর্তী লিখিত আদেশ পর্যন্ত কার্যকর থাকবে এবং সংযুক্ত টার্মস অব রেফারেন্স (Doc) অনুযায়ী কাজ করবে।

1. **হালনাগাদ:** কোনো সদস্য বদলি, পদত্যাগ বা দায়িত্ব পরিবর্তন হলে ৩০ দিনের মধ্যে হালনাগাদ তালিকা অনুমোদন করা হবে। প্রয়োজনে বিএফআইইউ-কে জানানো হবে।
2. **কোরাম:** ক্যামেলকো অথবা সদস্য-সচিবসহ মূল ৬ সদস্যের অন্তত তিন জন।
3. **স্বার্থের দ্বন্দ্ব:** কোনো সদস্য কোনো বিষয়ে সংশ্লিষ্ট হলে তিনি মিটিংএ অংশগ্রহণ করতে পারবেন না; বিষয়টি কার্যবিবরণীতে লেখা হবে।
4. **গোপনীয়তা:** প্রত্যেক সদস্য যোগদানের সময় গোপনীয়তা ও স্বার্থের দ্বন্দ্ব ঘোষণায় স্বাক্ষর করবেন। রিপোর্ট বা অনুসন্ধানের বিষয়ে সংশ্লিষ্ট ব্যক্তিকে সতর্ক করা নিষিদ্ধ।
5. **ক্ষমতার সীমা:** ইউনিট সুপারিশ করবে; তহবিল আটকানো, শাস্তি বা শৃঙ্খলামূলক ব্যবস্থা অনুমোদিত কর্তৃপক্ষের সিদ্ধান্তে হবে (ক্যামেলকো নিয়োগপত্রের সাথে সামঞ্জস্যপূর্ণ)।

অনুমোদন

ধাপ	নাম ও পদবি	স্বাক্ষর	তারিখ
প্রস্তাবকারী	মো. জহুরুল হাসান তালুকদার, ক্যামেলকো		15 November-2026
যাচাই কারী	আফরোজা বিলকিস ডাইরেক্টর- প্রোগ্রাম		15 November-2026
অনুমোদনকারী	রহিমা সুলতানা কাজল, নির্বাহী পরিচালক		15 November-2026

অনুলিপি:

1. সিসিইউ-এর সকল সদস্য ও আঞ্চলিক ফোকাল পারসন এবং ওয়েবসাইটে।
2. চেয়ারপারসন, কার্যনির্বাহী কমিটি, আভাস।
3. প্রশাসন/মানবসম্পদ বিভাগ (সদস্যদের ব্যক্তিগত নথি)।
4. বিএফআইইউ: এএমএল/সিএফটি পরিপালন ফরমের সংযুক্তি ৩ হিসেবে।
5. অফিস নথি।